

সিঙ্গাপুর প্রজাতন্ত্র প্রেসিডেন্টের রাষ্ট্রীয় ভারত সফর

রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জির আমন্ত্রণে সিঙ্গাপুর প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মহামহিম ডঃ টনি ট্যান কেম ইয়াম মিসেস মেরি ট্যান সহ ৮-১১ ফেব্রুয়ারি ২০১৫ ভারতে রাষ্ট্রীয় সফর করছেন। তাঁর প্রতিনিধিদলে রয়েছেন প্রধানমন্ত্রীর দপ্তরের মন্ত্রী, পরিবেশ ও জলসম্পদ মন্ত্রকের দ্বিতীয় মন্ত্রী, বিদেশ বিষয়ের দ্বিতীয় মন্ত্রী মিসেস গ্রেস ফু, সংস্কৃতি, কমিউনিটি ও যুব মন্ত্রী এবং যোগাযোগ ও তথ্যমন্ত্রকের দ্বিতীয় মন্ত্রী লরেন্স ওং, সংসদ সদস্য ও উচ্চপদস্থ আমলারা। তাঁর এই সফরে ভারত ও সিঙ্গাপুরের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উৎসব পালন বিশেষভাবে সূচিত হয়।

আশিয়ানের প্রবেশদ্বার হিসাবে সিঙ্গাপুরের ভূমিকা এবং দৃষ্টিভঙ্গী ও মূল্যবোধের সমধর্মীতার ভিত্তিতে ভারত-সিঙ্গাপুর দ্বিপাক্ষিক সম্পর্ক বিশালত্ব অর্জন করেছে এবং সম্প্রসারিত হচ্ছে। এই সম্পর্ক দৃঢ় রাজনৈতিক সমঝোতা, নিবিড় প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা, আর্থিক সহযোগিতায় কর্মোবর্ধমান পারস্পরিকতা, সভ্যতাগত এবং সাংস্কৃতিক যোগসূত্র এবং দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক মঞ্চে অভিন্ন স্বার্থ দ্বারা পরিবেষ্টিত।

মহামহিম প্রেসিডেন্ট ট্যানকে রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিকভাবে অভ্যর্থনা জানানো হয়, তারপরেই তিনি রাজঘাটে মহাত্মা গান্ধির সমাধিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন।

মহামহিম প্রেসিডেন্ট ট্যান আজ রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জির সংগে সাক্ষাৎ করেন এবং রাষ্ট্রপতি তাঁর সম্মানার্থে রাষ্ট্রীয় ভোজসভা আয়োজন করেন। তিনি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং পররাষ্ট্রমন্ত্রী শ্রী মতী সুষমা স্বরাজের সংগে সাক্ষাৎ করেন। তাঁরা উভয় দেশের অংশীদারীকে নতুন শিখরে উন্নীত করতে দ্বিপাক্ষিক সম্পর্ক সম্প্রসারণে এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে সহযোগিতা সুদৃঢ় করতে বিস্তৃত বিষয়ে আলোচনা করেন। এই আলোচনার কেন্দ্রবিন্দু ছিল নতুন ক্ষেত্র চিহ্নিত করা যেগুলি ভবিষ্যতে উন্নয়ন পরিকিরিয়ায় প্রত্যক্ষভাবে शामिल করা হবে। এইগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিদিষ্ট স্মার্ট সিটি নির্মাণ ও নগর পুনর্জীবন, দক্ষতা বৃদ্ধির উদ্যোগ, কানেকটিভিটি, উপকূল ও বন্দরের যোগাযোগ প্রকল্পগুলির রূপায়ণে গতিবৃদ্ধির পদক্ষেপ, উত্তরপূর্ব ভারতের সংগে সংযোগ বৃদ্ধি, ভারতে উন্নয়নমূলক যেসব প্রকল্প শুরু হয়েছে সেইগুলিতে লগ্নি বৃদ্ধি করার পরিকল্পনা নেওয়া এবং ভারতের রাজ্যের সংগে বিনিময় প্রথার উদ্যোগ। তাঁরা বিজ্ঞান ও প্রযুক্তি, মহাকাশ এবং অন্যান্য ক্ষেত্রে উৎপাদনশীলতা ও দক্ষতা বৃদ্ধি এবং সন্ত্রাসবাদ মোকাবিলায় সহযোগিতা সম্প্রসারণ করা নিয়ে অভিজ্ঞতা বিনিময় করেন। আলোচনায়

পারস্পরিক আস্থা এবং সহযোগিতা মূলক বোঝাপড়া প্রতিফলিত হয়। এটাই দুদেশের মধ্যকার বৈশিষ্ট্যপূর্ণ ও বিশেষ সম্পর্কে প্রতিভাত করে।

মহামহিম প্রেসিডেন্ট ট্যান আগামিকাল ভারতে সিঙ্গাপুর উৎসবের উদ্বোধন করবেন, 'সিঙ্গাপুর এবং ভারতঃ এক অভিন্ন ভবিষ্যতের উদ্দেশ্যে' এক স্মারক পুস্তকের বিমোচন করবেন, জাতীয় সংগ্রহশালায় পেরানাকান প্রদর্শনীর উদ্বোধন করবেন, 'ফ্লোরিস অব সিঙ্গাপুর' নামাংকিত এক ফুড ফেস্টিভালের উদ্বোধন করবেন। ২০১৪ সালের আগস্ট মাস থেকে সিঙ্গাপুরে বর্ষব্যাপী ভারত উৎসব বর্তমানে চালু রয়েছে। এই উৎসবে ভারতের সংস্কৃতি, উদ্ভাবনী, যুবা ও রাজ্যগুলির বৈশিষ্ট্য প্রদর্শিত হচ্ছে।

সিঙ্গাপুর প্রেসিডেন্টের রাষ্ট্রীয় সফর দুদেশে র মধ্যকার বিদ্যমান ঐতিহ্যবাহী নিবিড় বিনিময় এবং উৎকৃষ্ট দ্বিপাক্ষিক সম্পর্কে আরো সমৃদ্ধ করবে।

নয়াদিল্লি

৯ ফেব্রুয়ারি ২০১৫